

আজ থেকে ঈদের ছুটি পর্যন্ত ঢাবির ক্লাস ও পরীক্ষা বন্ধ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

ঈদুল ফিতর উপলক্ষে সোমবার ৯ মার্চ থেকে ২৮ মার্চ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সব ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নিয়েছে।

রবিবার (৮ মার্চ) রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে সিনিয়র ম্যানেজমেন্ট টিম (এসএমটি)-এর এক জরুরি সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় সরকারের জারি করা প্রজ্ঞাপন এবং
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের
(ইউজিসি) পাঠানো পত্র নিয়ে আলোচনা করা
হয়।

আলোচনা শেষে সিদ্ধান্ত অনুযায়ী সোমবার (৯
মার্চ) থেকে ঈদের ছুটি শেষ হওয়া পর্যন্ত
বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে।

তবে বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ সোমবার ৯
মার্চ যথারীতি খোলা থাকবে বলে জানিয়েছে
কর্তৃপক্ষ। ৯ মার্চের পর প্রশাসনিক কার্যক্রম
পরিচালনা ও অফিসসমূহ চালু রাখা হবে কি না,
সে বিষয়ে আজ জানানো হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের
পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম স্বাক্ষরিত
এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

